রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২০ সনের ১৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৬, ২০২০

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৮১—২৮৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৮১—২৮৪ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৮৭—২৯২ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

জাতীয় রাজস্ব বোর্ড

[ কাস্টমস ]

**বিশেষ আদেশ**

তারিখ : ০১ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**নং ১১/২০২০/কাস্টমস/২৪।**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড (বন্ড লাইসেন্স নং-১৭৪১/কাস-এসবিডব্লিউ/২০১৫, তাং ০৬-১২-২০১৫) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০১৯-২০ অর্থবছরের জন্য নিম্নে বর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র.নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | সিগারেট, সিগার ও টোব্যাকো | ২,০৫,৯০০.০০ |
| ০২. | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৬০,০০০.০০ |
| ০৩. | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৪০,০০০.০০ |
| ০৪. | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী নন অ্যালকোহলিক বেভারেজ | ২৯,৯০০.০০ |
| | সর্বমোট = | ৩,৩৫,৮০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুলতান মোঃ ইকবাল**

সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ : ১৭ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/০১ জানুয়ারি, ২০২০ খ্রিঃ

নং **আর-৬/৭এন-৫৭/২০১৮-০১**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ নাজির আহমেদ, পিতা-মোঃ তোফাজ্জেল হোসেন-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগ করা হইল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৫৯/২০১৯-০২**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সরদার জাকির হোসেন, পিতা-মৃত আবুল হাসেম সরদার-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগ করা হইল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

নং **আর-৬/৭এন-৬০/২০১৯-০৩**—নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে নাটোর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ আতিকুর রহমান, পিতা-মৃত আরিফুর রহমান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য নিয়োগ করা হইল :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস, মোহাম্মদ আলী**
উপসচিব (প্রশাসন-২)।

**বিচার শাখা-৭**

**আদেশ**

**তারিখ : ১৪ জানুয়ারি ২০২০ খ্রিঃ**

**নং বিচার-৭/২-এন-১১/৯৫(অংশ-১)-০৯**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (খায়রুল আমীন, পিতা-আতাউর রহমান, মাতা-রৌশনারা বেগম, গ্রাম-তালশহর, ডাকঘর-তালশহর-৩৪০১, উপজেলা-আশুগঞ্জ, জেলা-ব্রাহ্মণবাড়িয়া।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ব্রাহ্মণবাড়িয়া জেলার আশুগঞ্জ উপজেলার ০৪নং তালশহর পশ্চিম ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বস্ত্র ও পাট মন্ত্রণালয়**
**পাট-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৪ মাঘ ১৪২৬/২৮ জানুয়ারি ২০২০

নং **২৪.০০.০০০০.১১৮.১৮.০৫৭.২০-৩৪**—রাষ্ট্রায়ত্ব পাটকল-সমূহের বিরাজমান পরিস্থিতির স্থায়ী সমাধান এবং পাটখাতকে পুনরুজ্জীবিত করার লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

২। অতিরিক্ত সচিব (পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা

৩। মহাপরিচালক, পাট অধিদপ্তর, ঢাকা

৪। চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন, ঢাকা

৫। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা

৬। কৃষি মন্ত্রণালয়/অর্থ বিভাগ/শিল্প মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়/আইন ও বিচার বিভাগ-এর প্রতিনিধি (যুগ্ম সচিবের নিচে নয়)

**সদস্য-সচিব**

৭। যুগ্মসচিব (পাট), বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা

০২। কমিটির কার্য-পরিধি :

(ক) বিজেএমসি'র নিয়ন্ত্রণাধীন পাটকলসমূহের অব্যাহত লোকসান, আর্থিক অসংগতি ও শ্রমিক অসন্তোষের কারণ নির্ণয়;

(খ) রাষ্ট্রায়ত্ব পাটকলসমূহকে শতভাগ বাণিজ্যিক নীতির ভিত্তিতে পরিচালনার সম্ভাব্যতা নিরূপণ;

(গ) পণ্যের বহুমূখীকরণ ও কারখানা আধুনিকায়নের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে রাষ্ট্রায়ত্ব পাটকলসমূহের ইতিবাচক ভূমিকা পুনরুদ্ধারের উপায় ও কৌশল নির্ধারণ;

(ঘ) পাটের জিনোম সিকোয়েন্স আবিস্কার, বৈশিক পরিবেশ বিপর্যয়ের প্রেক্ষাপটে প্লাস্টিক/পলিথিনের বিকল্প প্রাকৃতিক তন্তু হিসেবে পাটের উপযোগিতা ও পাটপণ্যের বহুমূখীকরণের সুযোগ সম্প্রসারিত করে পাটখাতের সার্বিক উন্নয়নের লক্ষ্যে সুপারিশ প্রদান।

০৩। কমিটি প্রয়োজনে পাট শিল্প/খাত সংশ্লিষ্ট বিভিন্ন ট্রেড এসোসিয়েশনসহ এ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি/প্রতিষ্ঠানের পরামর্শ গ্রহণ করতে পারবে।

০৪। কমিটি আগামী ১ (এক) মাসের মধ্যে প্রতিবেদন পেশ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাকসুদা বেগম সিদ্দীকা**
উপসচিব।

---

## বাণিজ্য মন্ত্রণালয়
## রপ্তানি-১ শাখা

### গণবিজ্ঞপ্তি

তারিখ : ২৩ জানুয়ারি ২০২০

নং **২৬.০০.০০০০.১০০.৪২.০০৪.১৭-১৯**—এতদ্বারা, রপ্তানি নীতি ২০১৮-২০২১ এর ৮.১২ উপানুচ্ছেদের আলোকে "লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য" (বাইসাইকেল, মটরসাইকেল, অটোমোবাইল, অটো-পার্টস, ইলেকট্রিক পণ্য, ইলেকট্রনিক্স, এ্যাকুমুলেটর ব্যাটারি, সোলার ফটোভলটিক মডিউল, খেলনাসহ অন্যান্য পণ্য)' কে 'বর্ষ পণ্য-২০২০ (Product of the Year-2020)' ঘোষণা করা হলো।

**নাজনীন পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
## সংস্থা শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং **১৬.০০.০০০০.০০৪.০৬.০০৯.১৯-৩৬**—খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট আইন ২০১৮ এর ৫নং ধারা অনুযায়ী সরকার নিম্নবর্ণিত ব্যক্তিবর্গের সমন্বয়ে খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ট্রাস্টি বোর্ড পুনর্গঠন করলেন :

| | | |
|---|---|---|
| (ক) | মাননীয় প্রতিমন্ত্রী<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | চেয়ারম্যান<br>(পদাধিকার বলে) |
| (খ) | জনাব জুয়েল আরেং<br>মাননীয় সংসদ সদস্য-১৪৬<br>ময়মনসিংহ-১ | সিনিয়র<br>ভাইস-চেয়ারম্যান |
| (গ) | এডভোকেট গ্লোরিয়া ঝর্ণা সরকার<br>মাননীয় সংসদ সদস্য-৩৩০<br>মহিলা আসন-৩০। | সিনিয়র<br>ভাইস-চেয়ারম্যান |
| (ঘ) | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য |
| | **ট্রাস্টি :** | |
| ১. | ড. নমিতা হালদার, এনডিসি (সাবেক সচিব), বাড়ী নং-৩০, রোড নং-৯, সেক্টর নং-৪, উত্তরা, ঢাকা-১২৩০। | ভাইস-চেয়ারম্যান |
| ২. | ডঃ বেনেডিক্ট আলো ডি' রোজারিও ৬২/এ, অঞ্জলী এপার্টমেন্ট, মনিপুরী পাড়া (২য় তলা), তেজগাঁও, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৩. | জনাব নির্মল রোজারিও<br>শেলটেক, ১০-এফ, ১৫৪/১, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫। | |
| ৪. | উপাধ্যক্ষ রেমন্ড আরেং<br>১৮, পশ্চিম নাখালপাড়া, ফ্ল্যাট-এফ-৫ সফুরা ডমিনো, সাপড়া মসজিদ, তেজগাঁও, ঢাকা-১২১৫। | |
| ৫. | জনাব বাবু মার্কুস গমেজ<br>পারুল ভিলা, ৩০/১, পূর্ব রাজাবাজার তেজগাঁও, ঢাকা-১২১৫। | |
| ৬. | জনাব জেমস সুব্রত হাজরা<br>গ্রীন স্প্লীনডার, ফ্ল্যাট নং-৪/ডি, হল্ডিং নং-৪০১/৪-৪০১/৫, নিউ ইস্কাটন, ঢাকা-১০০০। | |
| ৭. | জনাব উইলিয়াম প্রলয় সমদ্দার<br>৭৪, সেনপাড়া পর্বতা, মিরপুর-১০, ঢাকা-১২১৬। | |
| ৮. | মি. পিউস কস্তা<br>আর্বান দিগন্ত এ্যাপার্টমেন্ট ৫-এ<br>৬৪, গ্রীনরোড, তেজগাঁও, ঢাকা-১২১৫। | |

২। ট্রাস্ট্রি বোর্ড-এর মেয়াদকাল ২৬-০১-২০২০ তারিখ হতে ৩(তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। উক্ত মেয়াদ শেষ হবার পূর্বে সরকার কোনো মনোনীত ট্রাস্টিকে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করতে পারবে। অনুরূপভাবে কোন ট্রাস্টি ইচ্ছা করলে বোর্ডের চেয়ারম্যান বরাবর তাঁর পদত্যাগপত্র পেশ করতে পারবেন।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ তফিকুল ইসলাম**
সহকারী সচিব।

## হজ অনুবিভাগ

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৫ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/১৯ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

নং **ধবিম/হঃ শাঃ/৪-২৭৭/২০১৩-৫৯**—যেহেতু, আপনি জনাব মোঃ গোলাম কিবরিয়া ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স Club Travel Service (H.L-720), Shatabdi Center (7th Floor), 292, Inner Circular Road, Fakirapool, Dhaka-1000 এর স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু, আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৬/২০১৭ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু, আপনার এজেন্সির মাধ্যমে হজযাত্রী জনাব মোহাম্মদ শওকত ওসমান, জনাব মোঃ মঈন উদ্দিন ও অন্যান্যরা সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন;

> "২০১৬ সালে পবিত্র হজ পালনের জন্য অভিযোগকারীদের নিকট হতে জন প্রতি ২ লক্ষ ৬৫ হাজার টাকা নিয়েও ২০১৬ ও ২০১৭ সালে হজে না নেয়া।" এবং

যেহেতু, উক্ত অভিযোগের বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৭ অনুসারে এ মন্ত্রণালয়ের সচিব কর্তৃক ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির মাধ্যমে অভিযোগকারী এবং আপনার উপস্থিতিতেই উভয় পক্ষের শুনানী গ্রহণ করে অভিযোগের বিষয়ে তদন্ত করা হয়েছে; এবং

যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, এ মন্ত্রণালয়ের ২৮-০২-২০১৮ খ্রিঃ তারিখের ১৬.০০.০০০০.০০৩.২৭.০০৪.১৭.২৬৫ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সিকে লাইসেন্স বাতিল এবং ০৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করা হয়েছে; এবং

যেহেতু, আপনি ইতোপূর্বে প্রদত্ত শাস্তির বিপরীতে রিভিউ আবেদন করেছেন এবং রিভিউ শুনানীতে উপস্থিত হয়ে আনীত অভিযোগ খন্ডন করার কোনো তথ্য/প্রমাণ দাখিল করতে পারেননি এবং সার্বিক পর্যালোচনায় অভিযোগটি বাংলাদেশে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, উল্লিখিত কারণে জাতীয় হজ ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান; এবং

সেহেতু, রিভিউ কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ এর (চ) অনুযায়ী আপনার পরিচালিত Club Travel Service (H.L-720) এজেন্সিকে ইতোপূর্বে প্রদত্ত লাইসেন্স বাতিল আদেশ রহিত করে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা শাস্তি বহাল রাখা হলো। জারিমানার অর্থ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে কোড নং-১-৩৫০১-০০০১-১৯০১ এ ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদান পূর্বক চালানের মূল কপি এ মন্ত্রণালয়ে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

নং **ধবিম/হঃ শাঃ/৪-৪০৯/২০১৩-৬০**—যেহেতু আপনি জনাব শিরীন আক্তার ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স Alvee Travels & Tours (HL-677), House # 61 (1st Floor), Road # 15, Block-D, Banani, Dhaka-1213 এর স্বত্ত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু, আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৫ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু, আপনার এজেন্সির মাধ্যমে জনাব মোঃ হারুর-অর-রশিদ রাজু, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেন;

> "২৩ হজযাত্রীকে হজে না পাঠানো এবং ৬০,০০,০০০ (ষাট লক্ষ) টাকা আত্মসাত করা।" এবং

যেহেতু, উক্ত অভিযোগের বিষয়ে জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৬ অনুসারে গঠিত তদন্ত কমিটির মাধ্যমে অভিযোগকারী এবং আপনার উপস্থিতিতে উভয় পক্ষের শুনানী গ্রহণ করে অভিযোগের বিষয়ে তদন্ত করা হয়েছে; এবং

যেহেতু, আপনার এজেন্সির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, আপনার হজ এজেন্সির বিরুদ্ধে ইতোপূর্বে প্রদত্ত শাস্তি মওকুফ/রিভিউ করার জন্য লিখিতভাবে অনুরোধ/আবেদন করেছেন এবং রিভিউ শুনানীতে উপস্থিত হয়ে আনীত অভিযোগ খন্ডন করার তথ্য/প্রমাণ দাখিল করেছেন; এবং

যেহেতু, আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ খন্ডন করে তথ্য/প্রমাণ দাখিল করেছেন এবং মানবিক সাহায্য কামনা করেছেন, সার্বিক পর্যালোচনায় অভিযোগটি প্রমাণিত হলেও দীর্ঘদিন যাবৎ এ বিষয়ে আর কোনো অভিযোগ না পাওয়ায় বিষয়টির সঠিক মূল্যায়নের কারণে ইতোপূর্বে প্রদত্ত শাস্তি আংশিক কমানো সমীচীন মর্মে কমিটি মনে করে; এবং

যেহেতু, উল্লিখিত কারণে জাতীয় হজ ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান; এবং

সেহেতু, রিভিউ কমিটির সুপারিশ মোতাবেক জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ এর (ক) অনুযায়ী আপনার পরিচালিত Alvee Travels & Tours (HL-677) এজেন্সিকে ইতোপূর্বে প্রদত্ত ১০ (দশ) লক্ষ টাকা জরিমানার শাস্তি মওকুফ করে হজ লাইসেন্স বাতিল আদেশ বহাল রাখা হলো।

**আবুল কাশেম মুহাম্মদ শাহীন**
সিনিয়র সহকারী সচিব।